# আবাসা | Abasa | عَبَسَ

আয়াতঃ ৮০ : ১৪

## আরবি মূল আয়াত:

مَّرۡفُوۡعَةٍ مُّطَهَّرَةٍ ﴿۱۴﴾

## অনুবাদসমূহ:

সমুন্নত, পবিত্র, — আল-বায়ান

সমুন্নত, পবিত্র। — তাইসিরুল

(এবং) উন্নত পূতঃ – — মুজিবুর রহমান

Exalted and purified, — Sahih International

## ১৪. যা উন্নত, পবিত্র(১),

(১) مكرمة অর্থ সম্মানিত, মর্যাদাসম্পন্ন। مرفوعة বলে এর মর্যাদা অনেক উচ্চতা বোঝানো হয়েছে। [ইবন কাসীর] আর مطهرة বলে বোঝানো হয়েছে হাসান বসরীর মতে, যাবতীয় নাপাক থেকে পবিত্র। সুদ্দী বলেন, এর অর্থ কাফেররা এটা পাওয়ার অধিকারী নয়। তাদের হাত থেকে পবিত্র। হাসান থেকে অপর বর্ণনায় বলা হয়েছে, এর অর্থ মুশরিকদের উপর নাযিল হওয়া থেকে পবিত্র। [কুরতুবী] ইবন কাসীর বলেন, এর অর্থ এটি বাড়তি-কমতি ও অপবিত্রতা থেকে পবিত্র ও মুক্ত।

তাফসীরে জাকারিয়া

## ১৪। যা উচ্চ মর্যাদাপূর্ণ, পূত-পবিত্র। [1]

[1] مرفوعة অর্থাৎ, আল্লাহর নিকটে মর্যাদাপূর্ণ। অথবা এটা সন্দেহ এবং পরস্পরবিরোধিতা থেকে বহু উচ্চে। مطهرة অর্থাৎ, সেটি একেবারে পূত-পবিত্র। কেননা, তাকে পবিত্র লোক (ফিরিশতা)গণ ছাড়া কেউ স্পর্শ করে না। কিংবা তা কম-বেশী হতে পাক-পবিত্র।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5772

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন